

রক্তক্ষয়ী ছাত্র সংঘর্ষে ২৫ জন আহত

শাহজালাল বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

সিলেট অফিস ॥ বুধবার রাতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শাহপরান ছাত্রাবাসে ছাত্রলীগ (শা-পা) ও ছাত্রদলের কর্মীদের মধ্যে এক রক্তক্ষয়ী সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। সংঘর্ষে ২৫ জন ছাত্র আহত হইয়াছে। এ সময় হলের ১৫/২০টি কক্ষ ভাঙুর ও অগ্নিসংযোগ করিয়া বিছানাপত্রসহ মালামাল পোড়াইয়া দেওয়া হয়। গুলীবিদ্ধ ৩ জনসহ ৭ জনকে গুরুতর অবস্থায় ওসমানী মেডিক্যাল

কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অন্যদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

পরিস্থিতি নিয়ন্ত্রণের বাহিরে চলিয়া যাওয়ায় গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের জরুরী সভা ডাকিয়া অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এবং আগামী শনিবার হইতে অনুষ্ঠিতব্য অনার্স ও মাস্টার্স ফাইনাল পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। গতকাল বিকাল ৫টার মধ্যে (১৫শ পৃঃ দ্রঃ)

শাহজালাল বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

ছাত্রদের ও আজ শুক্রবার বিকাল ৫টার মধ্যে ছাত্রীদের ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেওয়া হয়। বিশ্ববিদ্যালয় এলাকায় পুলিশ মোতায়েন করা হইয়াছে।

জানা যায়, বুধবার রাত্রি সাড়ে ৯টার দিকে শাহপরান হলের ক্যাফে টোরিয়ার জানালা দিয়া কে বা কাহারো গুলীবর্ষণ করিলে বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম প্রথম বর্ষের ছাত্র ও বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ সদস্য সুলতান মাহমুদ বাবু এবং রসায়ন তৃতীয় বর্ষের ছাত্র হিমাংসু রায় হিমু গুলীবিদ্ধ হয়। তাহার ছাত্র লীগের (শা-পা) কর্মী। তাহাদেরকে দ্রুত ওসমানী হাসপাতালে প্রেরণ করা হয়। এই ঘটনার জন্য ছাত্রলীগ ছাত্রদলকে দায়ী করিয়া বিক্ষোভ মিছিল বাহির করে। একপর্যায়ে উভয় সংগঠনের কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ বাধে। এই সময় কক্ষগুলি ভাঙুর ও অগ্নিসংযোগ করা হয়। পুলিশ প্রহরাস দমকল বাহিনী আগুন নিভায়।

ঘটনার সময় গোটা বিশ্ববিদ্যালয় এলাকায় আতঙ্ক ছড়াইয়া পড়ে। মধ্য রাত্রি পর্যন্ত সাধারণ ছাত্ররা দিগ্বিদিক চুটচুটি করে। ঘটনার পর প্রোভিসি, প্রোষ্ট্রর ও ছাত্র কল্যাণ উপদেষ্টা হল পরিদর্শন করেন।